

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ  
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি নং ১/২০১৮

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (আইবিএস)-এ এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভর্তিপ্রাপ্ত গবেষকগণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক এমফিল ৪০০০/- টাকা, পিএইচডি ৫০০০/- টাকা হারে মাসিক ফেলোশিপ পাবেন। কলা, সামাজিক বিজ্ঞান, আইন ও বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়; পরিসংখ্যান, জনবিজ্ঞান ও মানব সম্পদ উন্নয়ন, মনোবিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা; এবং বাংলাদেশের জীবন, সমাজ, সংস্কৃতি, পরিবেশ, ও উন্নয়নের সঙ্গে সম্পৃক্ত যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এমফিল ও পিএইচডি প্রোগ্রামে আবেদন করতে পারবেন। আবেদনকারীদের যোগ্যতা নিম্নরূপ:

**ক) এমফিল প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে**

১। প্রার্থীর অবশ্যই এসএসসি/সম্মান এবং এইচএসসি/সম্মান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে প্রথম বিভাগ অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে।

এবং

২। কলা/সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক সম্মান/সম্মান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে (তবে কলা অনুষদভুক্ত ইংরেজি বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

অথবা,

আইন/ বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/ জীব ও ভূ-বিজ্ঞান/ কৃষি/ প্রকৌশল অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক সম্মান/সম্মান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা,

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

অথবা

৩। যে সকল প্রার্থীর উপরে বর্ণিত (১) ও (২)-এর শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/ সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ)-এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত থাকতে হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এমফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

**খ) পিএইচডি প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে**

প্রার্থীর এমফিল বিধির (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এমফিল/সম্মান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা,

প্রার্থীর যদি এমফিল বিধির (১) ও (২)-এর ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ সরকারি বৃত্তি/ বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ অর্জন করে থাকেন তাহলে তাঁরা পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

এমফিল বিধির (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/ সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতা অভিজ্ঞতা, অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ)-এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচডি প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

উভয় প্রোগ্রামের আবেদনপত্র [www.ru.ac.bd/ibs/](http://www.ru.ac.bd/ibs/) থেকে ডাউনলোড করা যাবে অথবা ২০/- টাকার ডাকটিকিট সংযুক্ত নিজ ঠিকানা সংবলিত খাম পাঠিয়ে ডাকযোগে সংগ্রহ করা যাবে। সচিব, আইবিএস, রাবি-এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফটসহ পূরণকৃত আবেদনপত্র ১ এপ্রিল ২০১৮ তারিখে দুপুর ২টার মধ্যে আইবিএস অফিসে অবশ্যই জমা দিতে/পৌঁছাতে হবে। এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্য ২১ এপ্রিল ২০১৮ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং মৌখিক পরীক্ষার পর চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ২৮ জুন ২০১৮ তারিখের মধ্যে ভর্তি হতে হবে।

চাকরির প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে অনুরোধ করা হলো।

ড. স্বরোচিষ সরকার  
প্রফেসর ও পরিচালক